

First Page, Date- 16 March 2014



ইউআইটিএস এর সমাবর্তন অনুষ্ঠানে ড. মাহাথির মোহাম্মদকে সম্মাননা স্মারক তুলে দিচ্ছেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ » বিডিনিউজ

## ইউআইটিএস এর সমাবর্তনে রাষ্ট্রপতি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দরিদ্রদের সুযোগ বাড়াতে হবে

সুপ্রভাত রিপোর্ট »

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে দরিদ্র শিক্ষার্থীদের শিক্ষাগ্রহণের সুযোগ বাড়াতে সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। তিনি বলেছেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়ন ব্যয়বহুল বিষয় এখানে সমাজে পিছিয়ে পড়া দরিদ্র শ্রেণির ছেলেমেয়েরা লেখাপড়া করার সুযোগ পায় না। তাদের শিক্ষার জন্য বৃত্তিসহ অন্যান্য সুযোগ সুবিধা বাড়াতে হবে।'

গতকাল শনিবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউনিভার্সিটি অফ ইনফরমেশন টেকনোলজি অ্যান্ড সায়েন্সেসের (ইউআইটিএস) দ্বিতীয় সমাবর্তনে একথা বলেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ।

আবদুল হামিদ বলেন, 'কেবল বিভবান ঘরের সন্তান নয়, দরিদ্র ঘরের সন্তানরাও যেন বিশ্ববিদ্যালয়ে শিক্ষাগ্রহণের সুযোগ পায় সে বিষয়টি সুবিবেচনার জন্য আমি সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানাচ্ছি।'

অসাম্প্রদায়িক শিক্ষার ওপর জোর দিয়ে তিনি বলেন, 'হাজার দুয়ারী আলোকিত রাজ্যে প্রবেশের মাধ্যম হোক শিক্ষা। কুসংস্কার আর অন্ধকার কুপমণ্ডকতায় আবিষ্ট বন্ধঘরের খেলা জানালাটি হোক শিক্ষা। যা কিছু সংকীর্ণ, শিক্ষা আমাদের শেখাবে তা পরিহার করতে। যা কিছু সাম্প্রদায়িক শিক্ষা তা বিকার বলে সবার ► ২য় পৃষ্ঠার ৬ষ্ঠ কলাম